যুগান্তর

তারিখ 21 SEP 2017
পৃষ্ঠা ২ কলাম ৫

# ঢাবি 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা ২২ সেপ্টেম্বর

**যুগান্তর রিপোর্ট**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটের অধীনে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা আগামী ২২ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। ওই দিন সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের কেন্দ্রে তা অনুষ্ঠিত হবে। বুধবার গণমাধ্যমে পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। ক্যাম্পাসের বাইরের কেন্দ্রগুলোর মধ্যে রয়েছে— বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, ঢাকা কলেজ, ইডেন কলেজ ও লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইন্সটিটিউট। এ বছর ২ হাজার ৩৬৩টি আসনের জন্য ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ৩২ হাজার ৭৪৯ জন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পরীক্ষার হলে মোবাইল ফোন বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোনো ইলেকট্রনিক ডিভাইস/যন্ত্র আনা যাবে না। পরীক্ষা চলাকালে মোবাইল কোর্ট দায়িত্ব পালন করবে। ভর্তি পরীক্ষার সিটপ্ল্যান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে জানা যাবে।